# লিফলেট

১. সমিতির নিবন্ধনকৃত পূর্ণ নাম ছাড়া অন্য কোন সংক্ষিপ্ত নাম ব্যবহার করা যাবে না।

২. নিবন্ধনকৃত সমিতির নাম এর সাথে সাব টাইটেল ব্যবহার করা যাবে না।

৩. সদস্য ছাড়া অন্য কোন ব্যক্তি বা প্রতিষ্ঠানের নিকট হতে আমানত গ্রহণ বা ঋণ প্রদান করিতে পারিবে না।

৪. সমিতির নিবন্ধনকৃত পূর্ণ নামসহ সমিতির কার্যালয়ে সাইনবোর্ড প্রদর্শন করতে হবে, হঠাৎ করে সমিতির ঠিকানা পরিবর্তন করা যাবে না, কোন শাখা অফিস স্থাপন করা যাবে না এবং অনুমোদিত উপ-আইনের কর্ম এলাকার বাহিরে কার্যক্রম পরিচালনা করা যাবে না।

৫. সমিতির নামে তফসিলী ব্যাংকে নিবন্ধন প্রাপ্তির ১৫ দিনের মধ্যে সমবায়ের নামীয় ব্যাংক হিসাব খুলে নিবন্ধনকারী কর্তৃপক্ষকে অবহিত করতে হবে এবং সমিতির সকল লেন-দেন উক্ত ব্যাংক হিসাবের মাধ্যমে করতে হবে। ব্যক্তি নামে ব্যাংক হিসাব খুলে সমিতির লেনদেন পরিচালনা করা যাবে না।

৬. সমিতির মাসিক রিটার্ণ ও জমা-খরচ হিসাব প্রতি মাসের ০৫ তারিখের মধ্যে উপজেলা সমবায় কার্যালয় দাখিল করতে হবে।

৭. কোন প্রকার স্থায়ী আমানত গ্রহণ করা যাবে না, কোন প্রকার ব্যাংকিং কার্যক্রম ও ব্যাংকিং শব্দ ব্যবহার করা যাবে না, সমিতির নামে সাথে কমার্স, ইনভেস্টমেন্ট, কমার্শিয়াল ব্যাংক, লীজিং, ফাইন্যান্সিং বা সমার্থক শব্দ ব্যবহার করা যাবে না, অধিক মুনাফার প্রলোভন দেখিয়ে আমানত সংগ্রহ করা যাবে না, মাসিক সঞ্চয় প্রকল্প নেয়া যাবে না ও মেয়াদী আমানত গ্রহণ করা যাবে না।

৮. নিবন্ধক সমবায় অধিদপ্তর, ঢাকা মহোদয়ের ১৭/০৪/২০১৩ খ্রি: তারিখের (ব্যাংক বীমা-১৮৩) পরিপত্র অনুসরণ করতে হবে।

৯. সমবায় সমিতি আইন ২০০1 (সংশোধিত আইন-২০০২, ২০১৩) ও সমবায় সমিতি বিধিমালা, ২০০৪ (সংশোধিত বিধিমালা, ২০২০) মোতাবেক সমিতির সকল কার্যক্রম পরিচালনা করতে হবে।

১০. সমিতিতে সাধারণ খতিয়ান ব্যবহার করতে হবে।

১১. সমিতিতে পৃথক হিসাব বহি ব্যবহার করতে হবে এবং মূলধন বিনিয়োগের খাত গোপন করা যাবে না।

১২. অতিরিক্ত ব্যয় দেখিয়ে সমিতির অর্থ আত্মসাৎ, নীট লাভ হ্রাস ও মূলধনের অবক্ষয় ঘটিয়ে রাজস্ব ব্যয় নির্বাহ করা যাবে না।

১৩. সমিতির টাকা আইন বহির্ভূতভাবে ব্যবহার করা যাবে না।

১৪. সমিতির মুনাফা লভ্যাংশ নগদে পরিশোধ করা যাবে না, সঞ্চয়ে স্থানান্তর করে পরিশোধ করতে হবে।

১৫. সমিতি একাধিক দপ্তরের নিবন্ধন নিয়ে কার্যক্রম পরিচালনা করা যাবে না।

১৬. সমিতিতে পরিবারকেন্দ্রিক ব্যবস্থাপনা কমিটি বিদ্যমান থাকতে পারবে না, বিধি বহির্ভূতভাবে পরিবার ও স্বজনকেন্দ্রিক কর্মচারী নিয়োগ ও তাদের মোট অঙ্কের পারিতোষিক প্রদান করা যাবে না।

১৭. আবেদন যাচাই না করেই সদস্য ভর্তি করে নামে-বেনামে ঋণ প্রদান করা যাবে না। অস্বাভাবিক মাত্রায় সদস্য ভর্তি ও বাতিল করা যাবে না।

১৮. সমিতির বার্ষিক সাধারণ সভার সিদ্ধান্ত বহির্ভূতভাবে বিনিয়োগ করা যাবে না ও সম্পদ ক্রয় করা যাবে না এবং নিবন্ধকের অনুমতি ব্যতীত বৃহৎ বিনিয়োগ/প্রকল্প গ্রহণ করা যাবে না।

১৯. সমিতির অর্থায়নে ব্যক্তি নামে জমি-সম্পদ ক্রয় করা যাবে না।

২০. সমিতির ব্যবস্থাপনা কমিটি কর্তৃক উচ্চ হারে ভাতা গ্রহণ করিতে পারিবে না।

২১. সমিতির সাধারণ সদস্যদের অনুপস্থিতিতে বার্ষিক সাধারণ সভা এবং নির্বাচন অনুষ্ঠান করিতে পারিবে না।

২২. সমিতিতে সম্পদের চেয়ে দায় বেশি থাকতে পারবে না।

২৩. সমিতির শেয়ার বিক্রয় ব্যতীত সদস্য ভর্তি ও সঞ্চয় গ্রহণ করিতে পারিবে না এবং শেয়ারের ৪০ গুণের অধিক পরিমাণ ঋণ প্রদান করিতে পারিবে না।

২৪. সমবায় বিধি মোতাবেক নির্ধারিত পরিমাণ নগদ তারল্য (লিকুইড কভার) সংরক্ষণ করতে হবে ও সমিতির নগদ অর্থ বাংলাদেশ ব্যাংকের অনুমোদিত যে কোন তফসিলী ব্যাংকে ০৩ ও ০৬ মাস, ০১, ০২ ও ০৩ বছর মেয়াদী আমানত করতে হবে।

২৫. অডিট সম্পাদনের পরবর্তী ৬০ (ষাট) দিনের মধ্যে অডিট সংশোধনী দাখিল করতে হবে।

উল্লিখিত শর্তাবলীসমূহ প্রতিপালন করা না হলে এবং সমবায় সমিতি আইন, বিধিমালা ও সমিতির গঠনতন্ত্র পরিপন্থি কোন কার্যক্রম করা হলে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণসহ সমিতির নিবন্ধন সরাসরি বাতিল করা হবে।

কামরুননেছা শিথী
উপজেলা সমবায় অফিসার

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# জেলা সমবায় কার্যালয়

পিরোজপুর।

www.cooperative.pirojpur.gov.bd



বঙ্গবন্ধুর দর্শন
সমবায়ে উন্নয়ন

## সমবায় সমিতি সংক্রান্ত গণবিজ্ঞপ্তি

সমবায় সমিতির সদস্যদের শেয়ার ও সঞ্চয়কে লাভজনক ভাবে ব্যবসায়িক কাজে বিনিয়োগের মাধ্যমে নিজের আর্থ-সামাজিক উন্নয়ন করাই সমবায় সমিতি গঠনের মূল লক্ষ্য। কিন্তু লক্ষ করা যাচ্ছে যে, বিভিন্ন সমবায় সমিতি সদস্য/অসদস্যদের নিকট হতে আমানত সংগ্রহ করে পালিয়ে যাবার ঘটনা ঘটছে। এ কারণে সরকারের ভাবমূর্তি ক্ষুন্ন হচ্ছে এবং মামলাসহ দাপ্তরিক কার্যক্রমে নানা ধরনের জটিলতা সৃষ্টি হচ্ছে। এ ধরনের ঝুঁকিপূর্ণ সমবায় সমিতি চিহ্নিত করে আইনগত ব্যবস্থা গ্রহণের লক্ষ্যে সমবায় অধিদপ্তর, ঢাকা এর আদেশ নং- ৪৭.৬১.০০০০.০২৩.৪০.০২৭. ২২.২৭, তারিখঃ ০১ ফেব্রুয়ারি ২০২৩ খ্রিস্টাব্দ মূলে নিম্ন লিখিত নির্ণয়ক সমূহ নির্ধারণ করা হয়েছে। এ আদেশ জারির প্রেক্ষিতে সকল সমবায় সমিতিকে নিম্নবর্ণিত কার্যক্রম থেকে বিরত থাকার জন্য এবং এ ধরনের কার্যক্রম করে এমন সমবায় সমিতির সাথে কোন ধরনের লেনদেন না করার জন্য সকলকে অনুরোধ করা হলো।

## ঝুঁকি চিহ্নিত করণের নির্ণয়ক সমূহঃ

০১। সমিতির নামে ব্যাংক হিসাব না খুলে নগদ লেনদেন পরিচালনা করা;
০২। সাধারণ খতিয়ান ব্যবহার না করা;
০৩। ব্যক্তি নামে ব্যাংক হিসাব খুলে সমিতির লেনদেন পরিচালনা করা;
০৪। কর্ম এলাকার বাহিরে কার্যক্রম পরিচালনা করা;
০৫। গৃহীত আমানত/মূলধন ও বিনিয়োগের প্রকৃত তথ্য সমিতির হিসাব বহিতে লিপিবদ্ধ না করা।
০৬। সমিতিতে পৃথক হিসাব বহি ব্যবহার করা ও মূলধন বিনিয়োগের খাত গোপন করা;
০৭। মূলধনের অবক্ষয় ঘটিয়ে রাজস্ব ব্যয় নির্বাহ করা;
০৮। অতিরিক্ত ব্যয় দেখিয়ে সমিতির অর্থ আত্মসাৎ, নীট লাভ হ্রাসও মূলধনের অবক্ষয় ঘটানো;
০৯। সমিতির টাকা আইন বহির্ভূতভাবে ব্যবহার করা।
১০। মুনাফা ও লভ্যাংশ নগদে পরিশোধ না করে সঞ্চয়ে স্থানান্তর করা বা নিয়মিত পরিশোধ না করা।
১১। ব্যাংকিং কার্যক্রমের অনুরূপ বিভিন্ন নামে মেয়াদি ও স্থায়ী আমানত সংগ্রহ করা;
১২। উচ্চ মুনাফার প্রলোভন দেখিয়ে আমানত গ্রহণ করা;
১৩। আমানত সংগ্রহের জন্য সদস্য বা কর্মচারীকে কমিশন প্রদান;
১৪। সমিতির সদস্য নয় এমন ব্যক্তি বা প্রতিষ্ঠানের সঙ্গে লেনদেন করা;
১৫। একাধিক দপ্তরের নিবন্ধন নিয়ে কার্যক্রম পরিচালনা করা;
১৬। শাখা বা সুপারভাইজিং অফিস, সেবা কেন্দ্র ইত্যাদি নামে সমিতির একাধিক কার্যালয় থাকা;
১৭। পরিবারকেন্দ্রিক ব্যবস্থাপনা কমিটি বিদ্যমান থাকা;
১৮। আবেদন যাচাই না করেই সদস্য ভর্তি করে নামে-বেনামে ঋণ প্রদান। অস্বাভাবিক মাত্রায় সদস্য ভর্তি ও বাতিল করা;
১৯। এজিএম এর সিদ্ধান্ত বহির্ভূতভাবে বিনিয়োগ বা সম্পদ ক্রয় করা;
২০। সমিতির অর্থায়নে ব্যক্তি নামে জমি-সম্পদ ক্রয় করা;
২১। সমিতির সংক্ষিপ্ত বা বিক্ষিপ্ত নাম ব্যবহার করা ;
২২। শেয়ার বিক্রয় ব্যতীত সদস্য ভর্তি ও সঞ্চয় গ্রহণ করা;
২৩। শেয়ারের ৪০ গুণের অধিক সদস্যকে ঋণ প্রদান করা;
২৪। হঠাৎ করে সমিতির ঠিকানা পরিবর্তন করা;
২৫। ব্যবস্থাপনা কমিটি কর্তৃক উচ্চ হারে ভাতা গ্রহণ;
২৬। সাধারণ সদস্যদের উপস্থিতিতে বার্ষিক সাধারণ সভা এবং নির্বাচন অনুষ্ঠান না করা;
২৭। নিবন্ধকের অনুমতি ব্যতীত বৃহৎ বিনিয়োগ/প্রকল্প গ্রহণ;
২৮। বিধি বহির্ভূতভাবে পরিবার ও স্বজনকেন্দ্রিক কর্মচারী নিয়োগ ও তাদের মোটা অঙ্কের পারিতোষিক প্রদান করা;
২৯। সভ্য নির্বাচনী এলাকা একাধিক উপজেলা/জেলা/বিভাগ ব্যাপী হওয়া;
৩০। সম্পদের চেয়ে দায় বেশি থাকা;
৩১। সমবায় সমিতির নামের সাথে কমার্স, ব্যাংক, ইনভেস্টমেন্ট, কমার্শিয়াল ব্যাংক, লীজিং, ফাইন্যান্সিং বা সমার্থক শব্দ ব্যবহার করা;
৩২। সমবায় বিধি মোতাবেক নির্ধারিত পরিমাণ তারল্য সংরক্ষণ না করা;
৩৩। নিবন্ধক ও মহাপরিচালক কর্তৃক প্রদত্ত বিধিবদ্ধ নিরীক্ষা, পরিদর্শন এবং তদন্ত কার্যক্রমে অসহযোগিতা করা;
৩৪। আমানতকারীদের জন্য সমিতির নামীয় চেক বই ব্যবহার করা এবং ব্যাংকের ন্যায় ক্যাশ কাউন্টারের মাধ্যমে আমানত সংগ্রহ করা;
৩৫। সম্পাদিত অডিটের উপর সংশোধনী প্রতিবেদন দাখিল না করা এবং দাখিলকৃত প্রতিবেদন নিবন্ধকের বিচেনায় যথাযথ না থাকা;

জেলা সমবায় অফিসার
পিরোজপুর।

টেলিফোন ঃ ০২৪৭৮৮৯০৫৩৮, মোবাইল ঃ ০১৭১৬-৭৭৬১৬৬, ই-মেইল ঃ pirojpur@coop.gov.bd

কামরুননেছা সিথী

# সমবায় সমিতির করণীয় ও বর্জণীয়

## সমবায় সমিতির জন্য অনুসরণীয় জ্ঞাতব্যঃ

## করণীয় সমূহঃ

- সমবায় আইন, বিধি ও উপ-আইন মোতাবেক সমিতি পরিচালনা করা।
- সমবায় সমিতির লক্ষ্য ও উদ্দেশ্য সকল সদস্যকে অবহিত করা।
- সদস্যদের ক্ষুদ্র ক্ষুদ্র সঞ্চয় ও শেয়ার একত্রীত করে মুলধন গঠন করা।
- ব্যবসায়িক ও উৎপাদনমুখী কার্যক্রম গ্রহণ করা।
- প্রতি মাসে কমপক্ষে একটি ব্যবস্থাপনা কমিটির সভা অনুষ্ঠান করা
- সময়মত বার্ষিক সাধারণ সভা ও নির্বাচন অনুষ্ঠান করা।
- সমিতির যাবতীয় খাতাপত্র হালনাগাদ ও সঠিকভাবে সংরক্ষণ অডিটের জন্য উপস্থাপন করা।
- বার্ষিক অডিট শেষে অডিট সুপারিশের প্রেক্ষিষতে সদস্যদের মধ্যে লভাংশ বন্টন করা।
- ধার্যকৃত অডিট ফি ও সিডিএফ নির্ধারিত সময়ের মধ্যে পরিশোধ করা।
- সমিতির যাবতীয় আর্থিক লেনদেন ব্যাংকের মাধ্যমে সম্পাদন করা।

## বর্জণীয় সমূহঃ

- নিবন্ধন ছাড়া সমবায়ের নামে কোন আর্থিক লেনদেন কারা যাবে না।
- বাংলাদেশ ব্যাংকের পুর্বানুমোদন ব্যতিরেকে ব্যাংকিং ব্যবসা পরিচালনা করা যাবে না।
- সমিতির সদস্য ছাড়া অন্য কারো কাছ থেকে আমানত গ্রহণ ও ঋণ প্রদান করা যাবে না।
- অতি মুনাফা/বেশি সুদের লোভ দেখিয়ে মেয়াদী আমানত গ্রহণ করা যাবে না।
- সমবায় সমিতির কার্যক্রম পরিচালনার জন্য কোন শাখা অফিস খোলা যাবে না।
- সভ নির্বাচনী এলাকার বাইরে কোন সদস্য ভর্তি করা যাবে না।
- সাধারণ সদস্যদের স্বার্থের পরিপন্থী কোন কাজ করা যাবে না।
- নিজেদের মধ্যে দ্বন্দ্ব সংঘাতে জড়িত হওয়া যাবে না।

কামরুননেছা সিখী
উপজেলা সমবায় অফিসার
পিরোজপুর সদর, পিরোজপুর

# উপজেলা সমবায় কার্যালয়, পিরোজপুর সদর, পিরোজপুর

## "সমবায় সমিতি পরিচালনা সংক্রান্ত গুরুত্বপূর্ণ তথ্যাবলী"

| | | |
|---|---|---|
| ০১ | সমবায় কি? | নিজেদের আর্থ-সামাজিক উন্নয়নে একই উদ্দেশ্যে সমষ্টিগত ভাবে কোন একটি কাজ করাকে সংক্ষেপে সমবায় বলে। |
| ০২ | ICA কি ? এর সদর দপ্তর কোথায় ? | আর্ন্তজাতিক সমবায় মৈত্রী, জেনেভায়। |
| ০৩ | এই উপমহাদেশে সমবায়ের যাত্রা কত সালে ? | ১৯০৪ সালে। |
| ০৪ | এই উপমহাদেশে সমবায়ের জনক/পথিকৃত কে ? | রোবর্ট ওয়েন। |
| ০৫ | জাতীয় সমবায় দিবস কখন পালিত হয় ? | প্রতি বৎসর নভেম্বর মাসের প্রথম শনিবার। |
| ০৬ | আর্ন্তজাতিক সমবায় দিবস কখন পালিত হয় ? | প্রতি বৎসর জুলাই মাসের প্রথম শনিবার। |
| ০৭ | বাংলাদেশ সংবিধানের কোথায় সমবায়কে মালিকানা দেয়া হয়েছে | সংবিধানের দ্বিতীয় ভাগের ১৩(খ)-এ সমবায়কে মলিকানা খাত হিসেবে স্বীকৃতি দেয়া হয়েছে। |
| ০৮ | সমবায় সমিতি কোন আইন দ্বারা পরিচালিত হয় | সমবায় সমিতি আইন ২০০১ (সংশোধিত ২০০২ ও ২০১৩) দ্বারা পরিচালিত। |
| ০৯ | সমবায় আইনের অধ্যায় কতটি ? | ১৩ টি। |
| ১০ | সমবায় আইনের ধারা কতটি ? | ৯০ টি। |
| ১১ | সমবায় সমিতি কোন সালের বিধি দ্বারা পরিচালিত হয় | ২০০৪ (সংশোধিত ২০২০) সালের বিধি দ্বারা পরিচালিত হয়। |
| ১২ | সমবায় আইনের বিধি কতটি ? | ১৬৫ টি। |
| ১৩ | সমবায়ের মূলনীতি কতটি ? | সমবায়ের মূলনীতি ০৭ (সাত) টি। (১) স্বতঃস্ফূর্ত এবং অবাধ সদস্যপদ ; (২) সদস্যদের গণতান্ত্রিক অংশগ্রহণ ; (৩) সদস্যদের আর্থিক অংশগ্রহণ ; (৪) স্বায়ত্ব শাসন ও স্বাধীনতা ; (৫) শিক্ষা, প্রশিক্ষণ এবং তথ্য; (৬) আন্তঃ সমবায় সহযোগিতা; (৭) সামাজিক অঙ্গীকার। |
| ১৪ | সমিতি কত প্রকার ? | ৩৫ প্রকার। |
| ১৫ | একটি সমবায় সমিতি নিবন্ধনের জন্য কমপক্ষে কতজন সদস্যের প্রয়োজন হয় ? | ২০ জন (ব্যবস্থাপনা কমিটির সদস্যদের ন্যুন্যতম ২১ বছর এবং অন্যান্য সদস্যদের নুন্যতম ১৮ বছর বয়স হতে হবে) । |
| ১৬ | সমিতির সদস্য পদ লাভের জন্য কি করতে হয় ? | নুন্যতম একটি শেয়ার ক্রয়, শেয়ারের সমপরিমান অর্থ সঞ্চয় হিসাবে এবং ভর্তি ফি প্রদানসহ ব্যবস্থাপনা কমিটি কর্তৃক নির্ধারিক অন্যান্য ফি জমা করতে হবে। |
| ১৭ | একজন সদস্য সমিতির সর্বোচ্চ কতগুলো শেয়ার ক্রয় করতে পারবে ? | অনুমোদিত শেয়ার মূলধনের পাঁচ ভাগের এক ভাগ ক্রয় করতে পারবে (১/৫ অংশ)। |
| ১৮ | নিয়োগকৃত ব্যবস্থাপনা কমিটির মেয়াদ কত বৎসর ? | ০২ বছর। |
| ১৯ | নির্বাচিত কমিটির মেয়াদ কত বৎসর ? | ০৩ বৎসর। |
| ২০ | ব্যবস্থাপনা কমিটির নির্বাচিত সদস্য হিসাবে একাদিক্রমে কয়টি মেয়াদ পূর্ণ করতে পারেন ? | একাদিক্রমে ০৩ টি মেয়াদ পূর্ণ করতে পারেন। ধারা ১৮(৮)। |
| ২১ | অন্তর্বর্তী ব্যবস্থাপনা কমিটির মেয়াদ কত দিন ? | ১২০ দিন। |
| ২২ | সমিতির ব্যবস্থাপনা কমিটির সদস্য সংখ্যা কত ? | ৬ অথবা ৯ অথবা ১২ জন। |
| ২৩ | সমিতির ব্যবস্থাপনা কমিটির দায়িত্ব কি ? | সমিতির সার্বিক কর্মকান্ড পরিচালনা করা। |

| | | |
|---|---|---|
| ২৪ | **ব্যবস্থাপনা কমিটির দায়িত্ব ও কর্তব্য কি কি ?** | **আর্থিক লেনদেন, আয়-ব্যয়ের হিসাব সংরক্ষণ, সাধারন সভা আহব্বান, নিরীক্ষার উদ্দেশ্যে প্রয়োজনীয় হিসাব প্রণয়ন, সমিতি পরিদর্শনে ক্ষমতাবান কর্তৃপক্ষকে পরিদর্শন কাজে সহায়তা ছাড়াও সাধারন সভায় প্রদত্ত অন্যান্য দায়িত্ব ৪(খ)।** |
| ২৫ | ব্যবস্থাপনা কমিটির সদস্য হতে হলে একজন সদস্যের কমপক্ষে কতদিন যাবৎ সমিতির সদস্য হতে হবে। | ০১ বৎসর। |
| ২৬ | ব্যবস্থাপনা কমিটির সভার নোটিশ দিতে হয় কতদিন পূর্বে ? | ০৭ দিন। |
| ২৭ | ব্যবস্থাপনা কমিটির কোরাম হয় কত জনে ? | সমিতির ব্যবস্থাপনা কমিটির মোট সদস্য সংখ্যার ১/২ অংশ। |
| ২৮ | ব্যবস্থাপনা কমিটির কোন পদ শূন্য হলে কত দিনের মধ্যে শূন্য পদ পূরণ করতে হয় ? | ৩০ দিনের মধ্যে। |
| ২৯ | ব্যবস্থাপনা কমিটির সভা কত দিন পর করতে হয় ? | প্রতি মাসে কমপক্ষে ০১ (এক) বার। বিধি ৪২(২) |
| ৩০ | বার্ষিক সাধারণ সভা কখন করতে হয় ? | নিরীক্ষা সম্পাদনের ৬০(ষাট) দিনের মধ্যে সমিতির ব্যবস্থাপনা কমিটি বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠান করবেন এবং বার্ষিক সাধারণ সভা সংশ্লিষ্ট সকল কাগজপত্র আইন ও বিধি দ্বারা নির্ধরিত সময়ের মধ্যে জেলা সমবায় অফিসার ও উপজেলা সমবায় অফিসারের নিকট দাখিল করবেন। |
| ৩১ | বার্ষিক সাধারণ সভার নোটিশ কতদিন পূর্বে জারি করতে হয় ? | সমবায় সমিতি বিধিমালা ২০০৪ এর বিধি ১৪(২) বিধি মতে বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠানের ১৫(পনের) দিন পূর্বে নোটিশ জারি করতে হয়। |
| ৩২ | বার্ষিক সাধারণ সভার কোরাম হবে কত জনে ? | সদস্য সংখ্যা ১০০ এর কম হলে ১/৩ অংশ, ১০০ এর বেশি কিন্তু ১০০০ এর কম হলে ১/৪ অংশ, ১০০০ এর অধিক হলে ১/৫ অংশ উপস্থিত হলে বার্ষিক সাধারণ সভার কোরাম হবে (ধারা-১৭(৫)। |
| ৩৩ | সমিতির সর্বোচ্চ ক্ষমতা কার ? | বার্ষিক সাধারণ সভার। |
| ৩৪ | বিশেষ সাধারণ সভার আলোচ্য সূচি কয়টি ? | ০১ টি । |
| ৩৫ | সমবায় সমিতির রেজিষ্টার সমূহ আইনের কত ধারা ও বিধির কত বিধি অনুযায়ী সংরক্ষণ করা হয় ? | আইনের ২৪ ধারা মতে এবং বিধির ৫৬ বিধি মতে। |
| ৩৬ | **সমবায় সমিতির সংরক্ষণ যোগ্য রেজিষ্টার সমূহ কি কি ?** | ০১। সদস্য রেজিষ্টার, ০২। শেয়ার রেজিষ্টার, ০৩। সঞ্চয় রেজিষ্টার, ০৪। ক্যাশ বহি, ০৫। ঋণ রেজিষ্টার, ০৬। ব্যবস্থাপনা কমিটির সভা ও সাধারন সভার কার্যবিবরনী রেজিষ্টার, , ০৭। বিধি ধারা নির্ধারিত বা নিবন্ধক কর্তৃক নির্ধারিত অন্যান্য বহি ও রেজিষ্টার। |
| ৩৭ | সমিতির রেকর্ড পত্র সংরক্ষনের দায়িত্ব কার ? | ব্যবস্থাপনা কমিটির। |
| ৩৮ | সমবায় সমিতির হিসাব প্রস্তুত করার দায়িত্ব কার ? | সমবায় সমিতির ব্যবস্থাপনা কমিটির। |
| ৩৯ | সমবায় সমিতির কার্যকরী মূলধন কি ? | কোন সমবায় সমিতি পরিচালনার জন্য ব্যবহৃত ধারকৃত মূলধন , নিজস্ব মূলধন এবং অনুদান সমন্নয়ে গঠিত মোট মূলধন। |
| ৪০ | সমবায় সমিতির অডিট করা হয় কত ধারায় ? | ৪৩ ধারা। |
| ৪১ | **অডিট সংশোধনী প্রতিবেদন কত দিনের মধ্যে করতে হয় ?** | সমিতির ব্যবস্থাপনা কমিটি অডিট নোট প্রাপ্তির ৬০(ষাট) দিনের মধ্যে জেলা সমবায় অফিসার ও উপজেলা সমবায় অফিসারের নিকট দাখিল করবেন। |

| | | |
|---|---|---|
| ৪২ | **নিরীক্ষা বর্ষ শেষ হওয়ার কতদিনের মধ্যে সমিতির ব্যবস্থাপনা কমিটিকে হিসাব পত্র প্রস্তুত করে দাখিল করতে হবে ?** | নিরীক্ষা বর্ষ শেষ হওয়ার পরবর্তী ৩০ দিনের মধ্যে জেলা সমবায় অফিসার ও উপজেলা সমবায় অফিসারের নিকট আয়-ব্যয় হিসাব, লাভ-লোকসান হিসাব, লাভ-লোকসান আবন্টন হিসাব, উদ্বৃতপত্র, সকল হিসাবের নোটাংশ, সদস্য ডিটেইললিস্ট, শেয়ার সঞ্চয়ের ডিটেইল লিস্ট, ঋণ বিতরণ ও আদায়ের ডিটেইললিস্ট, সকল প্রকার বিনিয়োগের ডিটেইললিস্ট, আসবাবপত্র ও অফিস সরঞ্জমাদির ডিটেইললিস্ট প্রস্তুত করতে দাখিল করতে হবে । |
| ৪৩ | **সমবায় সমিতির কার্যক্রম নিরীক্ষা করা হয় কত বিধি মতে ?** | সমবায় সমিতি বিধিমালা ২০০৪ (সংশোধিত-২০২০) এর ৯৮ বিধি মতে। |
| ৪৪ | নিরীক্ষা ফি (সরকারি রাজস্ব) ধার্য করা হয় কত বিধি মতে ? | সমবায় সমিতি বিধিমালা ২০০৪ (সংশোধিত-২০২০) এর ১০৭ বিধি মতে। |
| ৪৫ | প্রাথমিক সমবায় সমিতির সর্বোচ্চ নিরীক্ষা ফি (সরকারি রাজস্ব) কত? | ১০,০০০/- (দশ হাজার) টাকা(সর্বোচ্চ সিলিং)। |
| ৪৬ | সমিতির নীট লাভের কত % নিরীক্ষা ফি (সরকারি রাজস্ব) পরিশোধ করতে হয় ? | প্রাথমিক সমিতির ক্ষেত্রে নীট লাভের ১০%, সর্বোচ্চ ১০,০০০/- এবং কেন্দ্রীয় সমিতির ক্ষেত্রে নীট লাভের ১৫% সর্বোচ্চ ৩০,০০০/-টাকা পর্যন্ত নিরীক্ষা ফি (সরকারি রাজস্ব) পরিশোধ করতে হয়। |
| ৪৭ | নিরীক্ষা ফি (সরকারি রাজস্ব) পরিশোধ করা হয় কত বিধি মতে ? | ১০৮ বিধি মতে ধাযকৃর্ত নিরীক্ষা ফি (রাজস্ব) ট্রেজারী চালানের মাধ্যমে নির্ধারিত কোডে সরকারি কোষাগারে প্রদান করবেন। |
| ৪৮ | সমিতি নিরীক্ষা ফি (সরকারি রাজস্ব)-এর কত % ভ্যাট প্রদান করবেন | ধাযকৃর্ত নিরীক্ষা ফি (রাজস্ব) এর উপর ১৫% হারে ভ্যাট ট্রেজারী চালানের মাধ্যমে নির্ধরিত অর্থনৈতিক কোডে সরকারি কোষাগারে প্রদান করবেন। |
| ৪৯ | নিরীক্ষা প্রতিবেদনের ভিত্তিতে সমিতির নীট লাভের শতকরা কত হারে সমবায় উন্নয়ন তহবিল-এ (সিডিএফ) জমা প্রদান করতে হয়? | নীট লাভের শতকরা ৩% হারে সমবায় উন্নয়ন তহবিল (সিডিএফ) -এ জমা প্রদান করতে হয়। ধারা ৩৪(১)(গ) অনুযায়ী। |
| ৫০ | সমিতি তাঁর আদায়কৃত/পরিশোধিত শেয়ার মূলধনের নীট লাভের কত অংশ লভ্যাংশ আকারে সদস্যদের মধ্যে বিতরণ করতে পারেন ? | সাধারণ সভার সিদ্ধান্ত গ্রহণ স্বাপেক্ষে পরিশোধিত/ আদায়কৃত শেয়ার মূলধনের ৭৫% পর্যন্ত লভ্যাংশ বিতরণ করতে পারেন এবং নিবন্ধক তথা জেলা সমবায় অফিসার মহোদয়ের অনুমতিক্রমে ৭৫% এর অধিক হারে লভ্যাংশ বিতরণ করতে পারেন। বিধি - ৮৩ মতে। |
| ৫১ | সমবায় সমিতির কার্যক্রম কত ধারায় পরিদর্শন করা হয় ? | সমবায় সমিতি আইন ২০০১ (সংশোধিত-২০০২ ও ২০১৩) এর ৪৮ ধারায়। |
| ৫২ | সমবায় সমিতির তদন্ত কত ধারায় করা হয়? | সমবায় সমিতি আইন ২০০১ (সংশোধিত-২০০২ ও ২০১৩) এর ৪৯ ধারায়। |
| ৫৩ | প্রাথমিক সমিতির মোট পরিশোধিত/আদায়কৃত শেয়ার মূলধন ৫০,০০০/- টাকার উর্দ্ধে হলে অর্ন্তবর্তী ব্যবস্থাপনা কমিটি ও নির্বাচন কমিটি কে নিয়োগ দিবেন | নিবন্ধক তথা জেলা সমবায় অফিসার। |
| ৫৪ | নিবন্ধন ছাড়া কোন সমিতি **"সমবায়"** শব্দটি ব্যবহার করলে তাঁর বিরুদ্ধে কিরুপ শাস্তির ব্যবস্থা রয়েছে ? | ৯(ক) ধারা মোতাবেক ০৭ বছরের কারাদন্ড বা ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা জরিমানা বা উভয়দন্ডে দন্ডিত। |

"সমাপ্ত"

কামরুননেছা সিথী
উপজেলা সমবায় অফিসার
পিরোজপুর সদর, পিরোজপুর